# ভূমিকা

সাংবাদিকের কাজ বহু মানুষের জীবনকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবিত করে। সাংবাদিককে এর দায়দায়িত্ব নিতে হয়। শিশুবিষয়ক রিপোর্টিংয়ে এটা আরো বেশি প্রাসঙ্গিক।

শিশুরা আমাদের রোজকার কাজে অনেক বড় বিবেচনার দাবিদার হয়ে আসে। শিশুর কল্যাণের জন্য সাংবাদিকতা মানে চির-ভবিষ্যতের স্বার্থে কাজ করা।

শিশুরা জনসমাজের খুবই গুরুত্বপূর্ণ একটি অংশ। ভবিষ্যতের সুস্থ জনসমাজের স্বার্থেই আপনার কাজে শিশুর সর্বাঙ্গীণ কল্যাণের প্রতি মনোযোগী হওয়া বিশেষ জরুরি হবে। অন্যদিকে, শিশুরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সাংবাদিকতার ফল ভোগ করে। সাংবাদিক সজাগ না থাকলে এটা শিশুর জন্য দুর্ভোগ হয়ে যেতে পারে, তার ওপর স্থায়ী ক্ষতিকর প্রভাব ফেলতে পারে।

আদর-মমতা-সংবেদনশীল বিবেচনার পাশাপাশি মর্যাদা এবং বৃদ্ধি ও বিকাশের উপযোগী পরিবেশ শিশুর অধিকার। এই অধিকার নিশ্চিত করার, উপযোগী পরিবেশ সৃষ্টি ও বহাল রাখার দায়িত্ব বড়দের। সমাজের সচেতন অংশ হিসেবে সাংবাদিকদের এটি আরো বেশি করে উপলব্ধি করতে হবে।

তাই শিশুকে নিয়ে বা শিশুবিষয়ক সংবাদ তৈরি ও প্রচারে নীতি-নৈতিকতার প্রশ্নটি বিশেষ গুরুত্ব বহন করে। এই বিষয়ের গুরুত্ব বিবেচনায় সংবাদপত্রের জন্য এই নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে।

সংবাদ প্রচারের নানাবিধ নতুন নতুন ও চিত্তাকর্ষ মাধ্যমের ভিড়েও ধ্রুপদী মাধ্যম হিসেবে সংবাদপত্রের আবেদন ও গ্রহণযোগ্যতা আছে। তাই সংবাদশিল্পকে সঠিক পথ চেনানো এবং সেই পথে চলতে উৎসাহিত করার দায়ও সংবাদপত্রের সবচেয়ে বেশি। সাংবাদিকতার নীতি-নৈতিকতা চর্চার ক্ষেত্রেও সংবাদপত্রগুলোকেই দৃষ্টান্ত সৃষ্টি করতে হবে।

বাংলাদেশে শিশুদের নিয়ে বা শিশুবিষয়ক সাংবাদিকতার নীতি-নৈতিকতা চর্চার প্রাতিষ্ঠানিক উদ্যোগ নেই। এ ক্ষেত্রে বাংলাদেশের শীর্ষস্থানীয় সংবাদপত্রগুলো পথ দেখাতে পারে। তারা এই নীতিমালাটিকে গ্রহণ করে এর চর্চা শুরু করতে পারে। সংবাদকর্মীদের ওপর এটি মেনে চলার বাধ্যবাধকতা আরোপ করতে পারে। এই চর্চা অন্য সংবাদপত্র এমনকি অন্য ধারার গণমাধ্যমকেও উৎসাহিত করবে। এটি যেমন শিশুর জন্য মঙ্গল বয়ে আনবে, তেমনি বাংলাদেশে দায়িত্বশীল সাংবাদিকতার একটি শুভ চর্চার সূচনা করবে।

দ্য ব্রিটিশ ব্রডকাস্টিং করপোরেশন (BBC), দি অ্যাসোসিয়েটেড প্রেস (AP)-সহ কিছু সংবাদমাধ্যম, সাংবাদিকদের আন্তর্জাতিক মোর্চা ইন্টারন্যাশনাল ফেডারেশন অব জার্নালিস্ট (IFJ) এবং জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা UNICEF-এর এ বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা আছে। এই নীতিমালাগুলো পর্যালোচনা করে, সেগুলোর দিকনির্দেশ নিয়ে এই নীতিমালা করা হয়েছে। বাংলাদেশের সংবাদপত্রগুলো এটি অনুসরণ করলে আমাদের পরিশ্রম সার্থক হবে।

শিশুসংক্রান্ত বিষয়ে সাংবাদিকতার নীতিমালা তৈরি করতে বিশেষ অবদান রেখেছেন দেশের ছয়টি বিভাগীয় শহর এবং ঢাকায় অনুষ্ঠিত মতবিনিময়-সভায় উপস্থিত বিভিন্ন জাতীয় এবং স্থানীয় পর্যায়

থেকে প্রকাশিত সংবাদপত্রের সম্পাদকবৃন্দ, সাংবাদিক, শিক্ষক, বিষয় বিশেষজ্ঞ এবং সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, যা নীতিমালাটির প্রাথমিক কাঠামো প্রণয়নে সহায়তা করেছে। তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতা।

নীতিমালাটি প্রণয়নে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমানের সর্বাঙ্গীণ সহযোগিতা এবং প্রতিটি পর্যায়ে তার গুরুত্বপূর্ণ উপস্থিতি ও পরামর্শের জন্য আমরা তার প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সব মতামত ও সুপারিশের সমন্বয়ে নীতিমালাটি প্রণয়নে উপদেষ্টার ভূমিকা পালন করে আমাদের কৃতজ্ঞতাভাজন হয়েছেন কুররাতুল-আইন-তাহমিনা, উপদেষ্টা (নিউজ), *প্রথম আলো*।

নীতিমালাটি চূড়ান্তকরণে আন্তরিক সহযোগিতা প্রদান করেছেন মনজুরুল আহসান বুলবুল, সভাপতি, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন এবং জাহিদ নেওয়াজ খান, বার্তা সম্পাদক, চ্যানেল আই ও সম্পাদক, চ্যানেল আই অনলাইন। তাদের কাছেও আমাদের অশেষ কৃতজ্ঞতা। বিভাগীয় মতবিনিময়-সভাগুলোতে মূল প্রবন্ধ উপস্থাপনের মাধ্যমে আলোচনার সূত্রপাতের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি অ্যাসোসিয়েটেড প্রেসের সাবেক ব্যুরো-প্রধান ফরিদ হোসেনের প্রতি।

এ ছাড়াও বিভাগীয় পর্যায়ে সার্থক মতবিনিময় সভা আয়োজনের জন্য আমার কৃতজ্ঞ এমআরডিআই-এর বিভাগীয় সমন্বয়কারী সাংবাদিক এম নাসিরুল হক, এস এম হাবীব, লিটন বাশার, আনোয়ার আলী সরকার, রফিক সরকার ও সংগ্রাম সিংহের কাছে।

পরিশেষে নীতি-নৈতিকতা মেনে শিশুবিষয়ক প্রতিবেদন তৈরিতে অনুসরণীয় নীতিমালা প্রণয়নের এই কর্মকাণ্ড বাস্তবায়নে সর্বাঙ্গীণ সহযোগিতা করার জন্য ইউনিসেফ বাংলাদেশের কাছে আমরা কৃতজ্ঞ। সেই সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি এ কাজের সঙ্গে যুক্ত এমআরডিআই-এর কর্মীদের।

নীতিমালাটি তৈরিতে কুররাতুল-আইন-তাহমিনার লেখা *রিপোর্টারের জন্য নীতি-নৈতিকতা : প্রসঙ্গ শিশু* বইটি এবং এমআরডিআই কর্তৃক 'নীতি-নৈতিকতা মেনে শিশুদের জন্য সাংবাদিকতা' শীর্ষক সাংবাদিক প্রশিক্ষণে ব্যবহৃত প্রশিক্ষণ মডিউলের সহায়তা নেওয়া হয়েছে।

## লিখিত নীতিমালা/আচরণবিধি কেন দরকার

সাংবাদিকের কাজ, স্বাধীনভাবে সব রকম প্রভাবমুক্ত থেকে সত্য খোঁজা ও প্রকাশ করা– এমন সত্য, যা সমাজের মানুষের কল্যাণের স্বার্থে জানা ও জানানো জরুরি। একজন সাংবাদিককে বিচিত্র পরিস্থিতি ও সত্যের মুখোমুখি হতে হয়। প্রতিটি নতুন পরিস্থিতি ভিন্ন ভিন্ন দাবি নিয়ে আসে। সাংবাদিককে সেই অনুযায়ী সিদ্ধান্ত নিতে হয়। এসব কিছুর মধ্যে মানুষের কল্যাণ ও জনস্বার্থের সুরক্ষা সাংবাদিকতার মূল বিবেচ্য বিষয়। সাংবাদিকতা যেন কারো অযাচিত অমঙ্গল বা ক্ষতির কারণ না হয়, সে দিকটিও নিশ্চিত করা আবশ্যক।

সংবাদকর্মী তার পেশাগত দায়িত্ব পালনকালে কী করবেন এবং কী করবেন না, তা সুনির্ধারিত হতে হবে। এ ক্ষেত্রে একটি লিখিত নীতিমালা সাংবাদিকদের পথ দেখাতে পারে। পেশাগত দায়িত্ব পালনকালে সাংবাদিকদের করণীয় ও অকরণীয় বিষয়গুলো সুনির্ধারিত হলে অযাচিত ক্ষতি এড়িয়ে খবর করা সহজতর হবে।

সত্য খোঁজা ও তা প্রকাশের প্রক্রিয়ায় সাংবাদিক প্রায়ই নানা দ্বিধাদ্বন্দ্ব বা উভয়সংকটে পড়েন। এই ধরনের পরিস্থিতিতে নীতিমালা সাংবাদিককে সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

সাংবাদিকের কাজ দায়িত্বশীলতার পরিচয় দিয়ে সত্য খোঁজা এবং প্রকাশের স্বাধীনতা ও সুযোগ রক্ষা করা। নীতি-নৈতিকতার বিধিবিধান মেনে সাংবাদিকতার মাধ্যমে সাংবাদিক নিজেদের কাজের ওপর বাইরের হস্তক্ষেপ, সরকারি বা ক্ষমতার বিধিনিষেধ বা চাপ সামলাতে পারেন এবং নিজের কাজকে– নিজের বিবেকের তাগিদকে– নৈতিক সমর্থন জোগানোর যুক্তি পেতে পারেন। একজন সাংবাদিক নীতি-নৈতিকতা চর্চার মাধ্যমে তার সিদ্ধান্তের সঠিক ও ন্যায্য ভিত্তি পেতে পারেন।

সাংবাদিকের নৈতিকতার কেন্দ্রে আছে মানুষ এবং মানুষের প্রতি দায়িত্ববোধ। সাংবাদিকের কাজ প্রতিনিয়ত মানুষের জীবনকে স্পর্শ করছে। তাই একজন সাংবাদিক মানুষের কাছে দায়বদ্ধ। রোজকার কাজ এবং সার্বিকভাবে তার পেশাগত অধিকার ও দায়িত্বের ভিত্তিও এখানেই। নীতি-নৈতিকতার অনুসরণ যেমন সাংবাদিকতার পেশাদারি প্রতিষ্ঠিত করে তেমনি মানুষের আস্থা ও সমর্থন মেলে, যা সংবাদশিল্পের অগ্রযাত্রার মূল অনুপ্রেরণা।

## নীতিমালায় শিশু প্রসঙ্গ

শিশুকাল হচ্ছে জীবনের গড়ে ওঠার বয়স, শেখার বয়স। নিজের জীবনকে নির্ভাবনায় উপভোগ করা ও নতুন নতুন আগ্রহ-কৌতূহল পরিতৃপ্ত করে বিচিত্র জগৎকে চেনা-বোঝা আস্বাদ করার বয়স। অন্যদিকে, ব্যক্তি হিসেবে শিশু পূর্ণ মর্যাদা দাবি করে। পরিবারে ও সমাজে তার অংশগ্রহণ, স্বার্থ ও অধিকার অগ্রাধিকার বিবেচ্য।

শিশু নিজের স্বার্থ নিজে দেখতে পারে না। নিজের কল্যাণের জন্য সে অন্যের ওপর নির্ভরশীল থাকে। শিশু শারীরিক ও মানসিক উভয় ক্ষেত্রেই দুর্বল ও স্পর্শকাতর। তাই তার ক্ষতিগ্রস্ত হওয়ার

আশঙ্কা বেশি। নির্যাতন, শোষণ বা ক্ষতিকর প্রভাবের হাত থেকে নিজেকে রক্ষা করার ক্ষমতা তার থাকে না। সুতরাং শিশুর কথা আলাদা করে ভাবা দরকার, শিশুর জন্য বিশেষ যত্ন প্রয়োজন। তার শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশের পুরো সুযোগ প্রয়োজন হয়। এটা শিশুর বিশেষ অধিকার। তার এ বিকাশ অল্পতেই ক্ষতিগ্রস্ত হতে পারে। যার প্রভাব দীর্ঘমেয়াদি হতে পারে।

সাংবাদিকতার সাধারণ নীতিমালা শিশুর ক্ষেত্রে আরো সংবেদনশীলভাবে বিবেচ্য হয়। শিশুর জন্য নৈতিক সাংবাদিকতা নিশ্চিত করতে বাড়তি সতর্কতা, মাত্রা ও করণীয় যুক্ত হয়। শিশুদের নিয়ে এবং শিশুদের জন্য সাংবাদিকতার ক্ষেত্রে কিছু বিষয় বিশেষভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। তাই প্রতিটি সংবাদমাধ্যমে শিশু সংক্রান্ত বিষয়ে সাংবাদিকতার নীতি-নৈতিকতা থাকা আবশ্যক। এটি সংবাদমাধ্যমের সার্বিক নীতিমালার অংশ হিসেবে থাকতে পারে, আবার শিশুবিষয়ক আলাদা নীতিমালা প্রণয়ন করা যেতে পারে।

## শিশুর জন্য সাংবাদিকতার নীতি-নৈতিকতা

আমাদের গণমাধ্যমে, বিশেষ করে সংবাদপত্রে, শিশুদের নিয়ে রিপোর্টের সংখ্যা বেড়েছে। শিশুরা যেমন অপরাধের শিকার হচ্ছে বা অপরাধের সাক্ষী/ফলভোগী হচ্ছে তেমনি শিশুরাও অপরাধের দায়ে অভিযুক্ত হচ্ছে বা দোষী সাব্যস্ত হচ্ছে। একই সঙ্গে শিশু পাঠকের সংখ্যাও বাড়ছে।

**সংবাদপত্রে শিশুর সংশ্লিষ্টতার তিনটি মাত্রা :**

১. পাঠক হিসেবে

২. খবরের ঘটনায় শিশু যুক্ত থাকলে

৩. শিশুর জানা এবং মতপ্রকাশের অধিকার অক্ষুণ্ন রাখার প্রসঙ্গে

উপর্যুক্ত তিনটি বিষয় আলোচনার দাবি রাখে। তাই নিচে এ বিষয়গুলো সংক্ষেপে তুলে ধরা হলো :

১. শিশুরা নিয়মিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংবাদপত্রের সংস্পর্শে আসে। তারা পত্রিকা পড়ে, ছবি দেখে। সংবাদ যেহেতু সচরাচর বড় পাঠকদের মাথায় রেখে তৈরি করা হয়, সেখানে এমন অনেক কিছু থাকতে পারে, যা শিশুর ওপর বিরূপ প্রভাব ফেলবে। জীবনের উন্মেষপর্বে অনেক কিছুই শিশুর মনে চট করে গভীর ছাপ ফেলতে পারে।

'সংবাদটি বড়দের জন্য; সুতরাং এখানে শিশুকে বিবেচনায় রাখার দরকার নেই' ধারণাটি ঠিক নয়। মনে রাখতে হবে শিশুও সংবাদটির পাঠক হবে। শিশুর বৃদ্ধি-বিকাশের গুরুতর ক্ষতি না করার কথা সব সময় মনে রাখা জরুরি। এই নাজুক অবস্থানের পাশাপাশি আছে শিশুর প্রয়োজনীয় তথ্য পাওয়ার, জীবন ও জগৎ সম্পর্কে জানার অধিকার। সংবাদের যেকোনো অংশই শিশুর নজরে পড়তে পারে। সুতরাং দুই দিকে ভারসাম্য করে খবর জানানোর কাজটি করতে হবে।

২. শিশু যখন নিজে ঘটনায় জড়িত থাকে বা ঘটনার সঙ্গে শিশুকে সংশ্লিষ্ট করার প্রয়োজন হয়, তখন সাংবাদিক কীভাবে তাকে এবং তার স্বার্থ দেখেন সেটা গুরুত্বপূর্ণ বিষয় হয়। সেটার ওপরে ওই শিশুর কল্যাণ-অকল্যাণ সরাসরি নির্ভর করে। আবার, শিশুকে যেভাবে তুলে ধরা হয় তা সার্বিকভাবে শিশু সম্পর্কে সংবাদের প্রাপ্তবয়স্ক গ্রাহকদের– শিশুর জীবন নিয়ন্ত্রক বড়দের– দৃষ্টিভঙ্গি ও ক্রিয়া-প্রতিক্রিয়াকে প্রভাবিত করে। একই রকম গুরুত্বপূর্ণ

